দৈনিক বাংলা

তারিখ 17 JUN 1992
পৃষ্ঠা 7 কলাম 6

182

2

# ছাত্রদল নির্বাচন ঃ রিজভী সভাপতি, ইলিয়াস সাধারণ সম্পাদক

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির নির্বাচনে রিজভী আহমেদ সভাপতি, ইলিয়াস আলী সাধারণ সম্পাদক এবং আবদুল মালেক সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মঙ্গলবার রাত সোয়া এগারটায় প্রধানমন্ত্রীর সুগন্ধা কার্যালয়ে অনুষ্ঠিত নির্বাচনশেষে এ ফলাফল ঘোষণা করা হয়। বিএনপি মহাসচিব স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার ফলাফল ঘোষণা করেন। এর আগে বিকাল থেকে সুগন্ধায় কেন্দ্রীয় কমিটির তিনটি পদের জন্য ভোট গ্রহণ শুরু হয়। ছাত্রদলের বিদায়ী কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির ১৯৪ জন সদস্যের মধ্যে ১৮৭ তাদের ভোট প্রদান করেন। নির্বাচনে নির্দিষ্ট কোন প্রার্থী ছিলেন না। ভোটারদের তাদের পছন্দমত প্রার্থীদের তিনটি পদে মনোনয়ন দিতে বলা হয়। রাকসুর ভিপি রিজভী আহমেদ সর্বোচ্চ ৮৮ ভোট পেয়ে সভাপতি পদে নির্বাচিত হন। ৫৩ ভোট পেয়ে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, সভাপতি পদে নাজিমুদ্দীন আলম ২৫ ভোট এবং ফজলুল হক মিলন ১৮ ভোট পান।

৯৫ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচিত হন ইলিয়াস আলী। ৫৭ ভোট পেয়ে নিকটতম প্রতিদ্বন্দ্বী

([illegible])

## ছাত্রদল নির্বাচন

( প্রথম পৃষ্ঠার পর )

ছিলেন রফিকুল ইসলাম জগলু। অন্যান্য প্রার্থীর মধ্যে খন্দকার জাহাঙ্গীর আলম ৭, আবুল খায়ের ভূইয়া ১৩, কামরুজ্জামান রতন ২, ফজলুল হক মিলন ২ এবং নাজিমুদ্দিন আলম ৮ এবং মীর সরাফত আলী সপু ১ ভোট পান।

সাংগঠনিক সম্পাদক পদে ১০ জনের মধ্যে সর্বোচ্চ ৮১ ভোট পেয়ে নির্বাচিত হন আবদুল মালেক। ৫৩ ভোট পেয়ে হাবিবুল ইসলাম হাবিব ছিলেন নিকটতম প্রতিদ্বন্দ্বী।

নবনির্বাচিত ছাত্রদল নেতৃবৃন্দ ফলাফল ঘোষণার পরপরই প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।